গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৫/২০০০/ ৮৬৯

তারিখঃ ২৩ মে ২০১৯ খ্রিস্টাব্দ
০৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: নিয়োগ প্রক্রিয়াধীন পদে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় দিক নির্দেশনা প্রদান

সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৫/২০০০/১৪৫৭, তারিখঃ ১৪/১০/২০১৯ খ্রিঃ

(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/কুড়িগ্রাম জেলার নিয়োগ-১/২০১৯/৩৮৯০, তারিখঃ ০৮/০৫/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ হতে ১নং সূত্রোক্ত স্মারকে ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম এ ১১-১৭ গ্রেডের ০৭ টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। সে অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত ছাড়কৃত পদের মধ্যে ৩টি পদের (সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর-১ টি, ওয়ার্ড মাস্টার-১টি, ডার্করুম সহকারী-১টি) নিয়োগ কার্যক্রম ইতঃপূর্বে প্রক্রিয়াধীন ছিল মর্মে ২নং সূত্রোক্ত পত্রে জানানো হয়েছে। উল্লেখ্য, ১নং সূত্রোক্ত পত্রের ৬নং শর্তে ছাড়কৃত পদের মধ্যে যদি কোন পদের নিয়োগ কার্যক্রম চলমান থাকে সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না মর্মে উল্লেখ ছিল।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের ১নং সূত্রোক্ত পত্রের ৬নং শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

২৩/৫/১৯

(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি :

১। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কুড়িগ্রাম
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৪০.০১১.০০.০০.০০৬.২০১৩- ৮৩৬

তারিখঃ ২৩ মে ২০১৯ খ্রিস্টাব্দ
০৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর কার্যালয়ে ১১-২০গ্রেডভুক্ত (৩য় ও ৪র্থ শ্রেণির) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

সূত্রঃ (১) শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর কার্যালয়ের স্মারক নং-পরিঃ/শঃতাজঃআঃমেঃকঃহাসঃ/গাজীঃ/২০১৮/৫৮১,তারিখঃ ২৪/০৩/২০১৯খ্রিঃ
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.১৪০.০১১.০০.০০.০০৬.২০১৩-১৫৫৩, তারিখঃ ২৮/১০/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের ২৭/১০/২০১৫ তারিখের ৪৫.১৩৭. ০১১. ০০. ০০. ০০৬. ২০১৩-১৭৫৪ সংখ্যক স্মারকে শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে ১১-২০ গ্রেডভুক্ত (৩য়/৪র্থ শ্রেণি) ছাড়কৃত ৩৫টি পদের মধ্যে ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) ১৯টি পদের মেয়াদ ২নং সূত্রোক্ত স্মারকে ৩১/০৩/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। এক্ষণে, ২নং সূত্রোক্ত স্মারকের ধারাবাহিকতায় বিজ্ঞ আদালতের আদেশ দ্বারা বারিত না হলে নিম্নবর্ণিত ১৯টি পদে ছাড়পত্রের মেয়াদ ০১/০৪/২০১৯খ্রিঃ তারিখ হতে আরও ০৬(ছয়) মাস পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | পদের নাম | ২৭/১০/২০১৫ তারিখে ছাড়কৃত পদের সংখ্যা | বর্তমানে ছাড়কৃত পদের সংখ্যা | মেয়াদ বর্ধিত না করার কারণ |
|---|---|---|---|---|---|
| শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর। | ১ | ফার্মাসিস্ট | ০৩(তিন)টি | ০৩(তিন)টি | |
| | ২ | সহকারী হিসাব রক্ষক | ০২(দুই)টি | ০২(দুই)টি | |
| | ৩ | মেডিকেল টেকনোলজিষ্ট (ফিজিওথেরাপিষ্ট) | ০৩(তিন)টি | ------- | ২০১৮ সালে প্রণীত নিয়োগবিধিতে নেই |
| | ৪ | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবরেটরি) | ০৬(ছয়)টি | ০৪(চার)টি | ০২(দুই)টি পদ পদোন্নতিযোগ্য |
| | ৫ | মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিওথেরাপিস্ট) | ০৩(তিন)টি | ------- | ২০১৮ সালে প্রণীত নিয়োগবিধিতে নেই |
| | ৬ | অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর | ০৫(পাঁচ)টি | ------- | ২০১৮ সালে প্রণীত নিয়োগবিধিতে নেই |
| | ৭ | ওয়ার্ড মাস্টার | ০৩(তিন)টি | ০৩(তিন)টি | |
| | ৮ | লিনেন কিপার | ০৩(তিন)টি | ০৩(তিন)টি | |
| | ৯ | গাড়ি চালক | ০৩(তিন)টি | ০৩(তিন)টি | |
| | ১০ | ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকার | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ১১ | টিকেট ক্লার্ক | ০৩(তিন)টি | ------- | ২০১৮ সালে প্রণীত নিয়োগবিধিতে নেই |
| | | | মোট ৩৫(পঁয়ত্রিশ)টি | মোট ১৯(উনিশ)টি | |

২। উল্লেখ্য, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা ২০১৮ অনুসরণ করে জনবল নিয়োগ করতে হবে এবং সকল আনুষ্ঠানিকতা ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৩/৫/১৯
(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsb.gov.bd

পরিচালক
শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল
গাজীপুর।

অনুলিপিঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.১৮- ৮৬৪

তারিখঃ ২৩ মে ২০১৯ খ্রিস্টাব্দ
০৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ আউট সোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী জনবল নিয়োগের বিষয়ে সম্মতি প্রদান।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃপ্রশা-২/আউট সোর্সিং/স্বাস্থ্য অধিদপ্তর/২০১৭/৩৯২৫, তারিখঃ ১২/০৫/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরের ২টি ভবনের ৪র্থ শ্রেণির জনবল স্বল্পতার কারণে আউট সোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের জন্য নিম্নোক্ত ১০৩টি পদে আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা গ্রহণের লক্ষ্যে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | সেবার বিবরণ/কাজ |
|---|---|---|---|
| ১ | নিরাপত্তা প্রহরী | ৩২ | অফিসের নিরাপত্তা এবং মেইন গেইট ও জরুরি বিভাগের গেইট পাহারা ও সরকারি মালামালের নিরাপত্তা রক্ষার জন্য |
| ২ | পরিস্কার পরিচ্ছন্নতা কর্মী | ৫৫ | অফিসের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতার কাজে ক্লিনার/সুইপার দায়িত্ব পালন করে থাকেন |
| ৩ | ইলেকট্রিশিয়ান | ০৬ | অফিসের বিভিন্ন বৈদ্যুতিক কাজ |
| ৪ | লিফটম্যান | ০৪ | অফিসের ষ্টাফদের বিভিন্ন তলায় উঠা নামার জন্য |
| ৫ | ডাক পিয়ন | ০৬ | দাপ্তরিক কাজে চিঠিপত্র বিলি করার জন্য |
| | মোট = ১০৩(একশত তিন) | | |

(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsb.gov.bd

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]।

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।